ইলিয়াসকে গুম নিয়ে বলা আমার বক্তব্য বিকৃত করা হয়েছে: মির্জা আব্বাস

চেম্বার ডেস্ক::গণমাধ্যমে ‘আমার বক্তব্য বিকৃত করা হয়েছে’ বলে অভিযোগ করেছেন মির্জা আব্বাস।

তিনি বলেন, একটি পত্রিকায় ছাপা হয়েছে- ইলিয়াস আলী গুমের জন্য বিএনপির কিছু নেতা দায়ী।

এই কথা কী আমি বলেছি- কেউ কী প্রমাণ করতে পারবে। আমি স্পষ্ট করে বলতে চাই- আমার কথা বিকৃত করা হয়েছে।

আজ শনিবার (১৭ এপ্রিল) এক ভার্চুয়াল আলোচনায় বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদের উদ্ধৃতি দিয়ে রোববার (১৮ এপ্রিল) বিকেলে নিজ বাসায় এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন।

মির্জা আব্বাস বলেন, পত্রিকায় এসেছে- সরকার বা আওয়ামী লীগের ইলিয়াসকে গুম করে নাই- এই কথাও আমি বলি নাই। আমার বক্তব্যকে বিকৃত করে পেচিয়ে লেখা হয়েছে, টুইয়িস্ট করা হয়েছে। বিএনপির নেতারাই ইলিয়াস আলীকে গুম করেছে- এই কথাটা কী আমি বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য হয়ে আমার বক্তব্য দেওয়া সম্ভব? অর্থাৎ নিজের মাথায় নিজের বোমা ফাটানো-এটা সম্ভব না। এখানেও টুইয়িস্ট করা হয়েছে।

তিনি বলেন, আমি পরিস্কার করে একটা কথা বলতে চাই, আমার সহজ-সরল পরিস্কার মনের উক্তিগুলোকে বিকৃত করে আমাদের যে সকল সাংবাদিক ভাইয়েরা কেটে-ছিঁড়ে, কাটপিচ করে ইচ্ছামতো লাগিয়ে দিয়েছে। কী কারণে করা হয়েছে তা আমি জানি না।

মির্জা আব্বাস বলেন, আজকে সকালে ইলিয়াস আলীর বাসায় একদল সাংবাদিক গিয়ে তার স্ত্রীকে রীতিমতো চার্জ করেছে, বিভিন্ন প্রশ্ন করে হেনস্তা করার চেষ্টা করা হয়েছে। এটাই বা কেনো? কী এমন ঘটনা ঘটলো যে, হঠাৎ করে এই বিষয়টা নিয়ে এতো মাথা ঘামাতে হবে?

সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, গত ৯টি বছর ইলিয়াস গুম হওয়ার পরে কোনো পত্র-পত্রিকায় একটি দিবস পালন করে নাই। সেই ইলিয়াস আলীর জন্য আজকে কেনো সাংবাদিকদের মাথা খারাপ হয়ে গেলো? আমি কোনো সাংবাদিককে দোষারোপ করছি না। দয়া করে সত্য বক্তব্যটা যদি তুলে ধরতেন তাহলে ভালো হতো। আমি এমন কোনো কথা বলি নাই যার জন্য জাতির কাছে, দেশের কাছে, বিএনপির কাছে কিংবা আমার নেতাকর্মীর কাছে আমাকে বিব্রত হতে হবে। আমার বক্তব্য গতকাল যারা শুনেছেন তারা হয়ত বুঝে উঠতে পারেননি। আমি দুঃখিত যে, আমি বুঝাতে পারি নাই।

মির্জা আব্বাস আরও বলেন, আমি যা বলেছি আমার সংগঠনের ভালোর জন্য বলেছি। আমি কাউকে ক্ষতিগ্রস্ত করার জন্য বলিনি। আমি যা বলেছি, ইলিয়াসকে স্মরণ করে বলেছি, ইলিয়াস আমাদের মধ্যে ছিলেন, আমাদের মধ্যে আসবেন–সেই কথা স্মরণ করে আমি বলেছি। দয়া করে আর টুইয়িস্ট করে নিউজ করবেন না। আমাকে কেনো এই সরকার বা কিছু সাংবাদিকের টার্গেট করার প্রয়োজন হলো আমি তা বুঝতে পারছি না। এতো লোক থাকতে ইলিয়াসকে নিয়ে আমাকে টার্গেট করা-এই লক্ষনটা কিন্তু ভালো না, আমি এটাকে অশুভ লক্ষন বলে মনে করি।

সরকার ইলিয়াসকে গুম করেনি এই বক্তব্য সম্পর্কে জানতে চাইলে মির্জা আব্বাস বলেন, আমি বিএনপির স্থায়ী কমিটির সদস্য হয়ে কেনো বলব যে, আমি জানি সরকার জড়িত নয়। আমি কটাক্ষ করে বলেছি। ইট মিনস সরকারই বলুক ইলিয়াস আলী কোথায় আছে? সরকারকেই জবাব দিতে হবে। এই সরকারের সময়ে একজন জলজ্যান্ত ইলিয়াস, একজন তরতাজা ইলিয়াস, সত্যভাষী একজন ইলিয়াস গুম হয়ে যাবে? সরকার জানে না। তাহলে কে করলো গুম? আমি এটা বলতে চেয়েছি।